

## বিজ্ঞপ্তি

তারিখ : ০৮/০১/২০২৬

এতদ্বারা সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত (ইসলাম, খ্রিস্টান, জৈন, বৌদ্ধ, পার্শি, শিখ) সকল শিক্ষার্থীদের উদ্দেশে জানানো যাচ্ছে যে, “পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম”-র উদ্যোগে ‘ATDC’-র মাধ্যমে সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত যুবক-যুবতীদের জন্য বিনামূল্যে ‘দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ’-র আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণের জন্য আগ্রহীদের অনলাইনে আবেদনের মাধ্যমে অন্তর্ভুক্ত হতে হবে। এই প্রশিক্ষণের বিষয়ে বিস্তারিত বিবরণ সূত্রাকারে নিম্নে দেওয়া হলো--

১) শিক্ষাগত যোগ্যতা :-- উচ্চ মাধ্যমিক বা সমতুল্য যোগ্যতা থাকতে হবে।

২) বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে (০১/০১/২০২৫ তারিখ অনুযায়ী)।

৩) কোর্সের সময়কাল এক বছর (অনাবাসিক)।

৪) আবেদনকারীকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৫) ১৫ই জানুয়ারি, ২০২৬ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।

৬) আবেদন করার বৈদ্যুতিন ঠিকানা হলো-- [wbmdfc.org](http://wbmdfc.org)

৭) বিশেষ প্রয়োজনে যোগাযোগের ঠিকানা :

PETC Building (দ্বিতীয় তলা), শিবাজি রোড, হাকিম পাড়া, জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ,

৭৩৫১০১

৮) প্রশিক্ষণটি সম্পূর্ণ বিনামূল্যে করানো হবে।

অনুমত্যানুসারে

অধ্যক্ষ

ময়নাগুড়ি কলেজ